

আমরা বাংলায় কথা বলি, বাংলায় গান গাই, বাংলার গান গাই। আমরা থাকি টেনেসি প্রদেশের রাজধানী ন্যাশভিল শহরে। আমেরিকার এই অঞ্চলের মাটির স্নেহে আমাদের রোজকার বেঁচে থাকা, আর বাংলার শিল্প-সাহিত্য-সংস্কৃতি-র আকাশে আমাদের অন্তরের উড়ান। মাটি আর আকাশের মিলন দিগন্তে, পূর্ব ও পশ্চিমের মেলবন্ধন ঘটাতে বৃহত্তর ন্যাশভিল বাঙালি সংঘ (বি এ জি এন) ২০১০ সালে প্রথম আঞ্চলিক বঙ্গ সম্মেলন-এর আয়োজন করেছে। শীর্ষস্থানীয় শিল্পী-সাহিত্যিকরা আসবেন পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্ষ থেকে, আসবেন বাংলাদেশ থেকে। থাকবে নাচ-গান-নাটক-আবৃত্তির অনুষ্ঠান, চলবে কত কেনাকাটা, আর থাকবে, ভোজনরসিক বাঙালির নিজস্ব খাবারের সমারোহ। সব মিলিয়ে বাঙালির জমজমাট সাংস্কৃতিক অনুষ্ঠান, যার মূল লক্ষ্য হবে এখানের দ্বিতীয় প্রজন্মের বাঙালিদের জীবনের সাথে তাদের নিজেদের সংস্কৃতিকে মিলিয়ে দেওয়া, মিশিয়ে নেওয়া। আমেরিকার এই অঞ্চলের বাঙালিদের জীবনে সূচনা হতে চলেছে নতুন এক ঐতিহাসিক মুহূর্তের - বি এ জি এন-এর হাত ধরে। তাই আমেরিকার সবকটি রাজ্যের বাঙালিদের কাছে আমাদের আবেদন, সপরিবারে ও সবাক্কে আঞ্চলিক বঙ্গ সম্মেলন-এ যোগ দিয়ে বি এ জি এন-এর এই ঐতিহাসিক উদ্যোগকে সফল করে তুলুন। আসুন, আমরা সবাই মিলে বলি -

বাংলা আমার প্রাণের শিকড়
বাংলা আমার সুখ
আমার পৃথিবী জুড়ে ভেসে আছে
রূপসী বাংলার মুখ।